

🔳 আল-আনকাবৃত | Al-Ankabut | ٱلْعَنْكَبُوت

আয়াতঃ ২৯:৫০

💵 আরবি মূল আয়াত:

وَ قَالُوا لَو لَا أُنزِلَ عَلَيهِ أَيْتُ مِّن رَّبِّهِ ؟ قُل إِنَّمَا الأَيْتُ عِندَ اللهِ ؟ وَ النَّهِ النَّهِ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُواللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهِ اللهُوالمِلْمُ المُلْمُولِ اللهِ اللهِ الله

আর তারা বলে, 'তার কাছে তার রবের পক্ষ থেকে নিদর্শনসমূহ নাযিল হয় না কেন'? বল, 'নিদর্শনসমূহ তো আল্লাহর কাছে, আর আমি তো কেবল একজন প্রকাশ্য সতর্ককারী'। — আল-বায়ান

তারা বলে- তার কাছে তার প্রতিপালকের নিকট হতে কোন নিদর্শন অবতীর্ণ হয় না কেন? বল, নিদর্শন তো আছে আল্লাহর কাছে, আমি কেবল একজন সুস্পষ্ট সতর্ককারী। — তাইসিরুল

তারা বলেঃ রবের নিকট হতে তার প্রতি নিদর্শন প্রেরিত হয়না কেন? বলঃ নিদর্শন আল্লাহর ইচ্ছাধীন, আমিতো একজন প্রকাশ্য সতর্ককারী মাত্র। — মুজিবুর রহমান

But they say, "Why are not signs sent down to him from his Lord?" Say, "The signs are only with Allah, and I am only a clear warner." — Sahih International

৫০. তারা আরও বলে, তার রব এর কাছ থেকে তার কাছে নিদর্শনসমূহ নাযিল হয় না কেন? বলুন, নিদর্শনসমূহ তো আল্লাহরই কাছে। আর আমি তো একজন প্রকাশ্য সতর্ককারী মাত্র।

তাফসীরে জাকারিয়া

- (৫০) ওরা বলে, 'তার প্রতিপালকের নিকট হতে তার কাছে নিদর্শনাবলী অবতীর্ণ করা হয় না কেন?' বল, 'নিদর্শন তো আল্লাহরই নিয়ন্ত্রণাধীন।[1] আর আমি তো একজন প্রকাশ্য সতর্ককারী মাত্র।'
 - [1] অর্থাৎ, এই সকল নিদর্শন কেবল আল্লাহরই হিকমত ও ইচ্ছাধীন। তিনি যার প্রতি অবতীর্ণ করতে চান, তার প্রতি অবতীর্ণ করেন। এতে আল্লাহ ছাড়া অন্য কারো কোন এখতিয়ার নেই।

তাফসীরে আহসানুল বায়ান





👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন